



বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর

সদর দপ্তর-১৪ কর্ণফুলী ব্যাটেলিয়ন

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ প্লাটুন, চট্টগ্রাম
খুলশী, চট্টগ্রাম।



সূত্র :

তারিখ : ৪/০১/২০২১

ভর্তি বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিকৃত ছাত্রীদের জানানো যাচ্ছে যে, যে সকল ছাত্রী বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) তে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ০৬/১১/২০২১ তারিখ হতে ২৫/১১/২০২১ তারিখ পর্যন্ত বিএনসিসি'র কার্যালয়ে থেকে সকাল ১১:৩০টা থেকে দুপুর ১:৩০ টার মধ্যে ফরম দেয়া হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য কলেজ বি.এন.সি.সির কার্যালয় (১১১ নম্বর কক্ষ) থেকে জানা যাবে অথবা যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হল :

- ১। ক্যাডেট ইনচার্জ এমিন- ০১৮৬৭-৪৮০১০৬।
- ২। ক্যাডেট কর্পোরাল আজাদী- ০১৫৩৩-৯২৩৮০৫।

তারিখ
০৪/০১/২১
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম।

০৪/০১/২১
(আবদুল্লাহ আল মামুন)
২ লেফটেন্যান্ট
ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএনসিসি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ প্লাটুন চট্টগ্রাম।
মোবাইল : ০১৭১১-৯৫৫৬৫৬



বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর
সদর দপ্তর-১৪ কর্ণফুলী ব্যাটেলিয়ন
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ প্রাটুন, চট্টগ্রাম
খুলশী, চট্টগ্রাম।



সূত্র :

বিএনসিসির উদ্দেশ্য

তারিখ :

- যুব সমাজের নৈতিক চরিত্রের উন্নতি সাধন, তাদের মাঝে নেতৃত্ব সুলভ গুণাবলির বিকাশ, দেশের কল্যাণে ত্যাগী মনোভাব গঠন ও সর্বোপরি নিজেদের মাঝে ভ্রাতৃত্ববোধ গড়ে তোলা।
- দেশ গড়া ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় ছাত্রসমাজের দায়িত্ব ও চেতনাবোধ সৃষ্টির লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া।
- প্রতিরক্ষা বাহিনীসহ দেশের সকল পরিমন্ডলে নেতৃত্বদানের সুযোগ্য নাগরিকরূপে ছাত্রসমাজকে গড়ে তোলা।

বিএনসিসি ক্যাডেট প্রশিক্ষণে প্রাপ্য সুযোগ

- মাতৃভূমি প্রতিরক্ষার মহান দায়িত্ব পালনের জন্য সরকারি খরচ ও ব্যবস্থাপনায় সামরিক প্রশিক্ষণ।
- সরকারি খরচে (ভারত, শ্রীলংকা এবং মালদ্বীপ) ভ্রমণের মাধ্যমে অন্যান্য দেশের ক্যাডেটদের সাথে মত বিনিময়ের অনন্য সুযোগ।
- সশস্ত্র বাহিনীতে অফিসার পদে যোগদানের ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার্থীর ও এসএসসিতে জিপিএ- ৫ প্রাপ্ত হলে প্রাথমিক নির্বাচনী বোর্ডের মাধ্যমে সরাসরি আইএসএসবি পরীক্ষায় অংশগ্রহণের সুবর্ণ সুযোগ।
- কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে ব্যক্তিগত দক্ষতা, প্রাথমিক চিকিৎসা, ফায়ার ফাইটিং ও সিভিল ডিফেন্সের প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণের মাধ্যমে ক্যাডেটদের সামাজিক উন্নয়নে অংশ নেয়ার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
- রেডিও টেলিভিশনে বিএনসিসির কর্মকাণ্ড নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে ক্যাডেটদের মননশীলতা বিকাশের সুযোগ।
- আন্তর্জাতিক মানের বিভিন্ন অনুষ্ঠান, খেলাধুলায় ও সাংস্কৃতিক অনুষ্ঠান ইভেন্ট ম্যানেজমেন্ট ও স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালনের বিরল অভিজ্ঞতা অর্জনের সুযোগ।
- সামরিক বাহিনীতে সৈনিক পদে ভর্তির ক্ষেত্রে আলাদা কোটা সংরক্ষণ এবং সহজ পদ্ধতিতে সৈনিক পদ নিয়োগ প্রদানে সহযোগিতা।

BNCC File

ফোন : ০২৩৩৪৪৫৪৮০৪ (অফিস) ই-মেইল : cgwc_edu@yahoo.com

ওয়েব সাইট : cgwc.edu.bd,